# ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
## রেজিস্ট্রারের কার্যালয়

**এমফিল ও পিএইচডি প্রোগ্রামে (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) ভর্তি বিজ্ঞপ্তি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত অনুষদভুক্ত বিভাগসমূহে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে (পূর্ণকালীন/খন্ডকালীন) ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদ-(১) আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ (২) আল-হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ; কলা অনুষদ-(১) আরবী ভাষা ও সাহিত্য (২) বাংলা (৩) ইংরেজি (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি; সামাজিক বিজ্ঞান অনুষদ-(১) অর্থনীতি (২) লোক প্রশাসন (৩) ফোকলোর এন্ড সোশ্যাল স্টাডিজ; আইন অনুষদ-(১) আইন (২) আল-ফিক্হ অ্যান্ড ল'; ব্যবসায় প্রশাসন অনুষদ-(১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি (২) ব্যবস্থাপনা (৩) ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং; বিজ্ঞান অনুষদ-(১) গণিত (২) পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান; প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ-(১) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (২) ফলিত রসায়ন ও কেমিকৌশল (৩) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৪) ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি; জীববিজ্ঞান অনুষদ-(১) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি (২) বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং ইসলামিক অ্যান্ড কম্পারেটিভ রিলিজিয়ন অনুষদ-(১) দাওয়াহ্ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ।

**১। এমফিল প্রোগ্রামে আবেদনের যোগ্যতা:**

(ক) ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা ইউজিসি স্বীকৃত অন্য কোনো পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বা সম্পর্কিত (Relevant/Related) বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের উভয় পরীক্ষায় সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.২৫ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। একইসাথে, এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। অথবা,

(খ) স্নাতক (পাশ) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের উভয় পরীক্ষায় সিজিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি/বিভাগ থাকতে হবে। একইসাথে, এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। অথবা,

(গ) এমবিবিএস/বিডিএস/ডিভিএম/এমএসসি(এজি)/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের চূড়ান্ত পরীক্ষায় সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.২৫ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। একইসাথে, এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে।

**২। পিএইচডি প্রোগ্রামে আবেদনের যোগ্যতা:**

(১)(ক) ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা ইউজিসি স্বীকৃত অন্য কোনো পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বা সম্পর্কিত (Relevant/Related) বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের উভয় পরীক্ষায় সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.২৫ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। একইসাথে, এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। অথবা,

(খ) এমবিবিএস/বিডিএস/ডিভিএম/এমএসসি(এজি)/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের চূড়ান্ত পরীক্ষায় সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.২৫ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। একইসাথে, এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে।

(২)(ক) স্নাতকোত্তর (থিসিস) ডিগ্রিধারী প্রার্থীদের পিয়ার-রিভিউড বা ইনডেক্সড জার্নালে প্রথম লেখক/সহ-লেখক/করেসপন্ডিং লেখক হিসেবে কমপক্ষে/ন্যূনতম/অন্তত একটি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। অথবা,

(খ) স্নাতকোত্তর (নন-থিসিস) ডিগ্রিধারী প্রার্থীদের পিয়ার-রিভিউড বা ইনডেক্সড জার্নালে প্রথম লেখক/সহ-লেখক/করেসপন্ডিং লেখক হিসেবে কমপক্ষে/ন্যূনতম/অন্তত দু'টি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। অথবা,

(গ) ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হতে এম.ফিল ডিগ্রিধারী প্রার্থীরা প্রকাশিত গবেষণা প্রবন্ধ ছাড়াই আবেদন করতে পারবেন। অথবা,

(ঘ) ইসলামী বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের ইউজিসি স্বীকৃত অন্য কোনো পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অন্তত ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা প্রকাশিত গবেষণা প্রবন্ধ ছাড়াই আবেদন করতে পারবেন। অথবা,

(ঙ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ২ বছরের গবেষণার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা প্রকাশিত গবেষণা প্রবন্ধ ছাড়াই আবেদন করতে পারবেন।

৩। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জনকারী কোনো প্রার্থী ২য় বার পিএইচডি ডিগ্রির জন্য আবেদনের যোগ্য হবেন না।

৪। প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত প্রার্থীদের এম.ফিল অথবা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিকভাবে যোগ্য বলে বিবেচিত হবে। ভর্তি পরীক্ষার পূর্ণমান হবে ১০০ এবং প্রশ্নপত্র বর্ণনামূলক/নৈর্ব্যক্তিক হবে। প্রশ্নপত্রে তিনটি অংশ থাকবে-(ক) গবেষণা প্রস্তাবনা (৩০০ শব্দ)-৫০ নম্বর, (খ) রচনা/প্রবন্ধ (বাংলা/ইংরেজি/আরবী ভাষায়)-৩০ নম্বর এবং (গ) সংশ্লিষ্ট বিষয়/বিভাগ-২০ নম্বর। আবেদনকারী যে ভাষা মাধ্যমে গবেষণা করতে ইচ্ছুক, তাকে সেই ভাষা মাধ্যমে (বাংলা/ইংরেজি/আরবী) ভর্তি পরীক্ষায় উত্তর দিতে হবে।

15.02.2026

৫। ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship)-এর নীতিমালা অনুযায়ী পূর্ণকালীন পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত গবেষকদের মেধার ভিত্তিতে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে গবেষণা বৃত্তি (ফেলোশীপ) প্রদান করা হবে।

উপরের ১ ও ২-এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রণী ব্যাংক পিএলসি, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় বিশ্ববিদ্যালয়ের বিবিধ রশিদের মাধ্যমে (চলতি হিসাব নং-০৩) এমফিল আবেদন ফরম বাবদ ১,০০০/=(এক হাজার) টাকা এবং পিএইচডি আবেদন ফরম বাবদ ১,৫০০/=(এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে ব্যাংক থেকে আবেদন পত্র ২২/০২/২০২৬ থেকে ৩১/০৩/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করত: যথাযথভাবে পুরণ করে আগামী ০৪/০৪/২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখার ২২২ নম্বর কক্ষে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে গবেষণা প্রস্তাবনা (Research Proposal) এবং শিক্ষাগত যোগ্যতার মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ২(দুই) কপি পাসপোর্ট আকারের ছবি জমা দিতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে (যেমন-বিদেশী ডিগ্রি), প্রার্থীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট অফিস/ মন্ত্রণালয়/ইউজিসি হতে ডিগ্রি সমতাকরণপূর্বক সনদ/ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে। চাকুরিজীবী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মনোনীত হলে পূর্ণকালীন এম.ফিল প্রোগ্রামের জন্য কমপক্ষে ১(এক) বছর ও পূর্ণকালীন পিএইচ.ডি প্রোগ্রামের জন্য কমপক্ষে ২(দুই) বছর শিক্ষা ছুটি নিয়ে গবেষণা কর্মে যোগদান করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ/উপ-রেজিস্ট্রার (শিক্ষা) এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।


ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ (প্রয়োজনে):
১। মোঃ বদিউজজামান (উপ-রেজিস্ট্রার, শিক্ষা) ০১৭২৮ ২২৮২৭০
২। এস এম সাদৎ হোসেন (উপ-রেজিস্ট্রার, শিক্ষা) ০১৭১২ ৭০৯৪৬৪


15.02.2026

(প্রফেসর ড. মোঃ মনজুরুল হক)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩

স্মারক নং-২৭/শিক্ষা/ইবি-২০২৬/১৯

তারিখ: ১৫/০২/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। ডীন,.............................................................................................................অনুষদ, ইবি।

২। পরিচালক(আই.আই.ই.আর), ইবি

৩। সভাপতি,.......................................................................................................বিভাগ, ইবি।

৪। প্রভোস্ট, ................................................................................হল, ইবি।

৫। প্রক্টর, ইবি। ৬।ছাত্র-উপদেষ্টা, ইবি। ৭।পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত), ইবি। ৮ গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), ইবি।
৯। পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, ইবি।
১০। পরিচালক (ভারপ্রাপ্ত), শরীর চর্চা ও শিক্ষা বিভাগ, ইবি।
১১। হিসাব পরিচালক(ভারপ্রাপ্ত), ইবি। ১২। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ইবি। ১৩ প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত), ইবি।
১৪। পরিচালক, আই.সি.টি সেল, ইবি। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৫। পরিচালক, টি.এস.সি.সি, ইবি। ১৬।প্রেস প্রশাসক, ইবি। ১৭।পরিবহন প্রশাসক, ইবি।
১৮। পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইবি। (বিজ্ঞপ্তিটি প্রেস রিলিজ আকারে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৯। উপ-রেজিস্ট্রার (এস্টেট অফিস প্রধান), ইবি।
২০। পিএস টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২১। পিএস টু প্রো-ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২২। পিএস টু ট্রেজারার, ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৩। উপ-রেজিস্ট্রার (এ্যাঃ টু-রেজিঃ) রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৪। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা (বিজ্ঞপ্তি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
২৫। নথি।

১৫/০২/২০২৬
(মো: বদিউজজামান)
উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩